দৈনিক ইত্তেফাক

২৫/৮/২০০৮

তারিখ ...............
পৃষ্ঠা ৩ ....... কলাম ....৫....

## পদোন্নতি বঞ্চিত শিক্ষকদের পদোন্নতি দেওয়ায় সরকারী কলেজ শিক্ষক পরিষদের সন্তোষ

গত শুক্রবার বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের নির্বাহী কমিটির সভায় পদোন্নতি বঞ্চিত শিক্ষকদের স্বল্প সময়েয় মধ্যে তিন স্তরে পদোন্নতি প্রক্রিয়াসম্পন্ন করায় এবং ১৭টি জাতীয়করণকৃত কলেজের শিক্ষক কর্মচারীদের এডহক নিয়োগ দেওয়ায় শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমকে ধন্যবাদ জানান হয়। পরিষদের দ্বিবার্ষিক কাউন্সিল অধিবেশন আগামী ৯ই নভেম্বর ধার্য করা হয়। পরিষদের মহাসচিব অধ্যাপক মোঃ শাহজাহান মিয়া ও যুগ্ম-মহাসচিব অধ্যাপক মতিউর রহমান গাঙ্গালীকে যথাক্রমে আহ্বায়ক ও সদস্য সচিব করিয়া সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়। ঢাকাস্থ শহীদ সোহরাওয়ার্দী কলেজে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পরিষদ সভাপতি অধ্যক্ষ মোঃ আলীআকবর খান ডলার।

—প্রেস বিপ্তপ্তি